

**মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ৩৬৭৬/২০১০ এর আদেশের প্রেক্ষিতে বুড়িগঙ্গা নদী দূষণ রোধে ঢাকা জেলার
কেরানীগঞ্জ এলাকায় অভিযান চালিয়ে ২২ কারখানার উৎপাদন কার্যক্রম বন্ধ করে দিয়েছে পরিবেশ অধিদপ্তর।**

মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ৩৬৭৬/২০১০ এর আদেশের প্রেক্ষিতে বুড়িগঙ্গা নদী দূষণ রোধে পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকার মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট এর পরিচালক জনাব রুবিনা ফেরদৌসী এর নেতৃত্বে আজ ২৭/১০/২০২০ তারিখ ঢাকা জেলার কেরানীগঞ্জ এলাকায় অবস্থিত পরিবেশগত ছাড়পত্র বিহীন এবং তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি) বিহীন বস্ত্র ওয়াশিং কারখানার বিরুদ্ধে এনফোর্সমেন্ট অভিযান পরিচালনা করা হয়।

কেরানীগঞ্জ উপজেলার বিভিন্ন এলাকায় পরিবেশগত ছাড়পত্রবিহীন এবং তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি) বিহীন বস্ত্র ওয়াশিং কারখানা, যেগুলো হতে অপরিশোধিত তরল বর্জ্য সৃষ্টি হয় এমন কার্যক্রম পরিচালনা করা হতো। ইতোপূর্বে পরিবেশ অধিদপ্তর হতে নোটিশ প্রদান করা হলেও কারখানাগুলোর মালিক পক্ষ দূষণ নিয়ন্ত্রণের কোন ব্যবস্থা গ্রহণ করেননি বা ইটিপি নির্মাণ করার জন্য কোন পদক্ষেপ গ্রহণ করেনি। এর ফলে এসব ওয়াশিং কারখানার তরল বর্জ্য দ্বারা বুড়িগঙ্গা নদীর পানি মারাত্মকভাবে দূষিত করে চলছে। ফলশ্রুতিতে আজ ২৭/১০/২০২০ তারিখ মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ বাস্তবায়নের জন্য অভিযান বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার মাধ্যমে মোট ২২ টি কারখানার উৎপাদন কার্যক্রম বন্ধ করে দেয়া হয়। কারখানাসমূহ হচ্ছে-

(১) সানমুন ওয়াশিং; (২) মার প্রিন্টিং; (৩) আল বাকারা ওয়াশিং প্লান্ট; (৪) বিএলটি ওয়াশিং; (৫) আহমেদ ওয়াশিং প্লান্ট; (৬) বিসমিল্লাহ ওয়াশিং প্লান্ট; (৭) আমেনা ওয়াশিং প্লান্ট; (৮) গ্লোবাল ওয়াশিং প্লান্ট; (৯) ইডেন ওয়াশিং প্লান্ট; (১০) কালার টাচ ওয়াশিং প্লান্ট; (১১) আলিফ ওয়াশিং প্লান্ট; (১২) এম এস ওয়াশিং প্লান্ট; (১৩) রাজ ওয়াশিং প্লান্ট; (১৪) রীমা ওয়াশিং প্লান্ট; (১৫) শরণী ওয়াশিং প্লান্ট; (১৬) আলী হোসেন ওয়াশিং প্লান্ট; (১৭) সারা তনুা ওয়াশিং প্লান্ট; (১৮) মৌ ওয়াশিং; (১৯) ফাইভ স্টার ওয়াশিং প্লান্ট; (২০) ইমরান ওয়াশিং প্লান্ট; (২১) আযান ওয়াশিং প্লান্ট ও (২২) আল সফুর ওয়াশিং প্লান্ট। মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট এর পরিচালক জনাব রুবিনা ফেরদৌসী বলেন দূষণ নিয়ন্ত্রনার্থে অভিযান অব্যহত থাকবে। উক্ত অভিযানে পরিবেশ অধিদপ্তর, ঢাকা জেলা কার্যালয়ের উপপরিচালক সাহেদা বেগম, মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব রোজিনা আক্তার সহ এনফোর্সমেন্ট উইং এর উপপরিচালক সৈয়দ আহমেদ কবীর, পরিদর্শক মোঃ মিজা আসাদুল কিবরীয়া এবং পরিবেশ অধিদপ্তর, ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোসাব্বের হোসেন মোহাম্মদ রাজীব, সহকারী পরিচালক জনাব রাকীব ও পরিদর্শক জনাব জেসমিন আক্তার উপস্থিত ছিলেন। এছাড়া আইন শৃঙ্খলা রক্ষায় ঢাকার জেলার পুলিশ ফোর্স ও র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)-১০ এর একটি দল এবং কেরানীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর একটি দল উপস্থিত থেকে সহযোগিতা প্রদান করেন।

তারিখঃ ঢাকা
২৭.১০.২০২০

স্বাক্ষরিত/-

সৈয়দ আহমেদ কবীর)
উপপরিচালক